



## রাজনৈতিক নিয়ন্ত্রণে ব্যাংক-বীমা চললে অর্থনীতি ধসে পড়ে: আমীর খসরু



সংগৃহীত ছবি

দেশের আর্থিক খাত নিয়ে কঠোর সমালোচনা করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী। তিনি বলেছেন, দীর্ঘদিন ধরে ব্যাংক ও বীমা খাতকে দলীয় প্রভাবের আওতায় রেখে পরিচালনা করা হয়েছে। এমন ব্যবস্থায় কোনো দেশের অর্থনীতি সুস্থভাবে টিকে থাকতে পারে না।

বুধবার (২৬ নভেম্বর) রাজধানীর ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনের মিলনায়তনে আয়োজিত এক আলোচনা অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন।

আমীর খসরুর ভাষায়, যথাযথ তদারকি ও স্বচ্ছতার অভাবে এখন অনেক বীমা কোম্পানি গ্রাহকদের বৈধ দাবি মেটাতে পারছে না। পরিবারকে নিরাপত্তা দেওয়ার উদ্দেশ্যে মানুষ বীমা করে, কিন্তু অর্থ ফেরত না পেয়ে সেই পরিবারগুলো আরও বিপদে পড়ে—যা আর্থিক খাতের গভীর সংকটকে প্রকাশ করে।

তিনি আরও বলেন, ক্ষমতায় এলে বিএনপি ব্যাংক ও বীমা খাতে চলমান অস্থিরতা ও লুটপাটের অবসান ঘটাতে কাঠামোগত সংস্কার আনবে। তার দাবি, জবাবদিহীন আর্থিক খাত নিয়ে উন্নত বাংলাদেশ গড়া সম্ভব নয়; তাই সকল প্রতিষ্ঠানকে জবাবদিহিতার আওতায় আনা হবে।